



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং- ১৪.৩২.০০০০.০০৮.৩৬.০০২.১৫-০.৪০২

তারিখঃ ১৩-০৩-২০১৬


বিষয়ঃ আইএসপি কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে জরুরী নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ক্যাটাগরী এ/বি/সি ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি) লাইসেন্সের শর্তানুযায়ী সকল ধরনের কার্যক্রম পরিচালনা করার বাধ্যবাধকতা রয়েছে। তবে লক্ষ্য করা যাচ্ছে কিছু কিছু ক্যাটাগরী এ/বি/সি আইএসপি প্রতিষ্ঠান তা যথাযথভাবে প্রতিপালন করছে না, যা দুঃখজনক। এ প্রেক্ষিতে সকল ধরনের ক্যাটাগরী এ/বি/সি আইএসপি'দের সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত নির্দেশনা পুনরায় অবগত করা হলো:

- (১) ক্যাটাগরি-এ/বি/সি আইএসপি কেবলমাত্র ন্যাশনওয়াইড/সেন্ট্রাল জোন/জোনাল আইএসপি হতে সংযোগ গ্রহণ করবে।
- (২) ক্যাটাগরি এ/বি/সি আইএসপি কোনভাবেই IIG হতে সরাসরি সংযোগ গ্রহণ করতে পারবে না।
- (৩) ক্যাটাগরী লাইসেন্সধারী প্রতিষ্ঠান কোন ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে কোনভাবেই ব্যান্ডউইডথ সংযোগ প্রদান করতে পারবে না।
- (৪) ক্যাটাগরী এ/বি/সি আইএসপি প্রতিষ্ঠানসমূহ কোনক্রমেই লাইসেন্সের অনুমোদিত মেয়াদ ও স্থান তথা নির্দিষ্ট থানা ব্যতিত অন্য কোন এলাকায় সংযোগ প্রদান করতে পারবে না।
- (৫) ক্যাটাগরী এ/বি/সি আইএসপি সমূহ মাসিক প্রতিবেদন সংযুক্তি (ক, খ এবং গ) নমুনা ছক অনুযায়ী দাখিল করবে।
- (৬) সকল ধরনের ক্যাটাগরি এ/বি/সি আইএসপি প্রতিষ্ঠানকে মাসিক প্রতিবেদন প্রতিমাসের ০৭ (সাত) তারিখের মধ্যে সফট কপি নির্ধারিত Excel Format এ (isp@btrc.gov.bd) -তে এবং হার্ড কপি বিটিআরসি'তে দাখিল করতে হবে।
- (৭) সকল ধরনের ক্যাটাগরি এ/বি/সি আইএসপি সমূহ নিজস্ব মনিটরিং ব্যবস্থা জোরদার করে, নেটওয়ার্কের অবৈধ ব্যবহার প্রতিরোধ নিশ্চিত করবে।

এমতাবস্থায়, সকল লাইসেন্সধারী প্রতিষ্ঠানদের উল্লিখিত নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে বলা হলো, অন্যথায় কমিশন কঠোর ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

 ১৬/০৬/২০১৬

(মোঃ নাহিদুল হাসান)

সিনিয়র সহকারী পরিচালক

ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস্ বিভাগ

ই-মেইলঃ nahid@btrc.gov.bd

☎ ৯৬১১১১১ (বর্ধিতঃ ৬৪২)

প্রাপকঃ

১. ব্যবস্থাপনা পরিচালক/প্রোপাইটর, সকল ক্যাটাগরি 'এ' আইএসপি অপারেটর।
২. ব্যবস্থাপনা পরিচালক/প্রোপাইটর, সকল ক্যাটাগরি 'বি' আইএসপি অপারেটর।
৩. ব্যবস্থাপনা পরিচালক/প্রোপাইটর, সকল ক্যাটাগরি 'সি' আইএসপি অপারেটর।
৪. সভাপতি, সাইবার ক্যাফে ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (সিসিওএবি), ৭-৩২/এ ইস্টার্ন প্রাজা, হাতিরপুল, ঢাকা-১২০৫।
৫. সভাপতি, আই.এস.পি এসোসিয়েশন অফ বাংলাদেশ (ISPAB), ফ্লাট # সি১, হাউস # ৩/এ, রোড # ৯৬, গুলশান-২, ঢাকা-১২১২।
৬. সভাপতি, আইআইজি এসোসিয়েশন অব বাংলাদেশ (আইআইজিএবি), স্পেস চলেট, বাড়ি নং-৩/এ, ফ্ল্যাট-সি১, সড়ক-৯৬, গুলশান-২, ঢাকা-১২১২।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্তি সচিব, বিটিআরসি।
- ২। ভাইস চেয়ারম্যান/কমিশনারের মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিটিআরসি।
- ৩। মহা-পরিচালক (এলএল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিটিআরসি।
- ৪। অফিস কপি।